

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
(এমপিও সেল)
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.১৪৩.০৩১.০১.১৯- ০৮

তারিখঃ ১৪ ফাল্গুন ১৪২৫
২৬ ফেব্রুয়ারি ২০১৯


বিষয়: বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক সুপারিশকৃত মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে বি.এড বিহীন সহকারী শিক্ষক (কৃষি) পদে যোগদানের সময়সীমা বৃদ্ধিকরণ।

সূত্র: এনটিআরসিএ (NTRCA) এর স্মারক নং-বেশিনিক/শি.শি./বেশিপ্রশি.নি/৮৫৪/২০১৮/২৩৫, ২৪ জানুয়ারী ২০১৯।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক দেশের বিভিন্ন মাদ্রাসায় সহকারী শিক্ষক (কৃষি) হিসেবে নিয়োগের জন্য সুপারিশকৃত শিক্ষকদের এক মাসের মধ্যে যোগদানের ব্যবস্থা গ্রহণের জন্য ২৪/০১/২০১৯ তারিখের সূত্রস্থ পত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের অনুরোধ জানানো হয়েছে।

২। উল্লেখ্য “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা- ২০১৮”-এ মাদ্রাসায় সহকারী শিক্ষক (কৃষি) নিয়োগের শিক্ষাগত যোগ্যতায় নতুনভাবে বি.এড ডিগ্রী অন্তর্ভুক্ত হওয়ায় ইতোপূর্বের জনবলকাঠামো ও এমপিও নীতিমালাসমূহ যথাক্রমে “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা (৪/২/২০১০ এ প্রণীত, মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত)”, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা- ২০১৮”, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (ব্যবসায় ব্যবস্থাপনা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮”, “বেসরকারি (কারিগরি) শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮” এবং ২৪ ফেব্রুয়ারি ২০১৬ তারিখের এনটিআরসিএ-এর ১৩তম শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তিতে বর্ণিত শিক্ষাগত যোগ্যতার সাথে কিছুটা অসামঞ্জস্য হয়েছে। সে প্রেক্ষিতে উক্ত নীতিমালা সংশ্লিষ্ট অংশের সংশোধন কার্যক্রম চলছে।

৩। বর্ণিতাবস্থায়, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ কর্তৃক শিক্ষকগণের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে যোগদানের সর্বশেষ সময়সীমা ২৩-০২-২০১৯ ইং সেহেতু উল্লিখিত শিক্ষকগণের যোগদানের সময়কাল ১ মাস বৃদ্ধি করে গণ বিজ্ঞপ্তি জারির জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, এ বিষয়ে মাননীয় মন্ত্রীর সদয় অনুমোদন রয়েছে।


২৬/০২/২০১৯
(এ.কে.এম. লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব (প্র: ও অর্থ)
৯৫৭৫৮০৭

চেয়ারম্যান
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৪ ও ৫)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্ম সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।